গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুষ্টিয়া
www.doict.kushtia.gov.bd

বিষয় : ফেব্রুয়ারি/২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আলীমুজ্জামান খান, প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া।

সভার স্থান : প্রোগ্রামার এর অফিস কক্ষ, কালেক্টরেট ভবন, ৩য় তলা, কুষ্টিয়া।

তারিখ : ২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ।

সময় : সকাল-১১.০০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আইসিটি অধিদপ্তর এবং আইসিটি বিভাগের চলমান বিভিন্ন কার্যক্রম সভায় উপস্থাপন করলে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনার বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>১.</td>
<td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব</td>
<td>
সভাপতি সভায় এ জেলার ৬টি উপজেলায় স্থাপিত ৫৫টি ল্যাবের উপজেলা ভিত্তিক তথ্য উপস্থাপন করেন। যার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>অর্থ বছরের নাম</th><th>সদর</th><th>মিরপুর</th><th>ভেড়া মারা</th><th>দৌলত পুর</th><th>কুমার খালী</th><th>খোকসা</th><th>মোট</th></tr>
<tr><td>২০১৭-১৮</td><td>৫</td><td>১</td><td>১</td><td>৫</td><td>৩</td><td>১</td><td>১৬</td></tr>
<tr><td>২০১৬-১৭</td><td>৬</td><td>২</td><td>২</td><td>৫</td><td>১</td><td>১</td><td>১৭</td></tr>
<tr><td>২০১৫-১৬</td><td>৬</td><td>১</td><td>৪</td><td>৬</td><td>৪</td><td>১</td><td>২২</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>১৭</td><td>৪</td><td>৭</td><td>১৬</td><td>৮</td><td>৩</td><td>৫৫</td></tr>
</table>
চলতি অর্থ বছরে উল্লেখিত ল্যাবগুলো স্ব-স্ব উপজেলার সহকারী প্রোগ্রামারগণকে নিয়মিত ল্যাবগুলোর ব্যবহার নিশ্চিত, রক্ষণাবেক্ষণসহ সার্বিক কার্যক্রম পরিদর্শন করা এবং পরিদর্শন শেষে নির্ধারিত ছকে মাসের শেষ কর্মদিবসে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেন।
<br><br>
এছাড়া ২০২১-২২ অর্থ বছরে এ জেলায় ৬টি উপজেলা প্রথম ও দ্বিতীয় ধাপে স্থাপিত ৭৭টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ৪টি স্কুল অব ফিউচার ল্যাবের তথ্য উপস্থাপন করেন। যার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>বিবরণ</th><th>সদর</th><th>মিরপুর</th><th>ভেড়া মারা</th><th>দৌল তপুর</th><th>কুমার খালী</th><th>খোকসা</th><th>মোট</th></tr>
<tr><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব</td><td>২৫</td><td>১৩</td><td>৭</td><td>১৫</td><td>১১</td><td>৬</td><td>৭৭</td></tr>
<tr><td>স্কুল অব ফিউচার</td><td>১</td><td></td><td>১</td><td>১</td><td>১</td><td></td><td>৪</td></tr>
</table>
সভাপতি বর্ণিত ৪টি স্কুল অব ফিউচার ও ৭৭টি শেখ রাসেল ল্যাব যাতে নির্ধারিত সময়ে স্ব-স্ব স্কুলে স্থাপন করা হয় এ ব্যাপারে সার্বিক সহযোগিতার জন্য নির্দেশনা প্রদানের করেন। এছাড়া প্রকল্প দপ্তর থেকে প্রেরিত শেখ রাসেল ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইন অনুযায়ী সকল কার্যক্রম সঠিকভাবে বুঝে নেয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া গাইডলাইন অনুযায়ী সকল কাজ এবং মালামাল সঠিক ভাবে স্থাপন বুঝে পাওয়ার পর ভেন্ডরদের প্রত্যয়ন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। সকল মালামাল স্থাপন শেষ হলে
</td>
<td>
ক. মাসে ২-৩টি ল্যাব পরিদর্শন করতে হবে।
<br><br>
খ. মাসের শেষ কর্মদিবসে ল্যাব পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে।
<br><br>
গ. নতুন স্থাপিত ল্যাবগুলো স্ব-শরীরে পরিদর্শন করতে হবে।
<br><br>
ঘ. ল্যাবগুলোর সকল মালামাল স্থাপনের পর পরিদর্শন করতে হবে।
<br><br>
ঙ. ল্যাবের সকল মালামাল বুঝে পাওয়ার পর ভেন্ডরদের প্রত্যয়নে স্বাক্ষর করতে হবে।
</td>
<td>সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনার বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>সহকারী প্রোগ্রামারগণ স্ব-শরীরে পরিদর্শন করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবেন।</td><td></td><td></td></tr>
<tr><td>২.</td><td>ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প</td><td>সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন চলমান ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের পূর্বে চাহিত ইউনিয়ন পর্যায়ের স্থাপিত পপের তথ্য যথাসময়ে প্রদানের জন্য সহকারী প্রোগ্রামারগণেকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি সভাকে জানান যে, ২য় ধাপে ইডিসি প্রকল্প দপ্তর কর্তৃক চাহিত (কমিউনিটি ক্লিনিক, শিক্ষা প্রতিষ্ঠান ও আইএসপি'র তথ্য) তথ্যাদি কুমারখালী, খোকসা, মিরপুর ও ভেড়ামারার প্রেরণ করেছেন এবং বাকী সদর ও দৌলতপুর উপজেলার তথ্য দ্রুততম সময়ের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করেন। সভাপতি ইডিসি প্রকল্পের সকল তথ্য যথাসময়ে প্রেরণ এবং সকল কার্যক্রমে সহকারী প্রোগ্রামারগণকে সহযোগীতা প্রদানের নির্দেশনা প্রদান করেন।</td><td>ক. যথাসময়ে চাহিত তথ্যাদি প্রেরন করতে হবে।<br><br>খ. প্রকল্পের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদান করতে হবে।</td><td>সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া</td></tr>
<tr><td>৩.</td><td>ই-নথি কার্যক্রম পর্যালোচনা এবং ডি-নথি প্রশিক্ষণ</td><td>সভাপতি জেলা ও উপজেলা পর্যায়ের ই-নথি কার্যক্রম চলোমান রাখার উপর আলোচনা করেন। অধিদপ্তর থেকে ই-নথিতে যে সকল চিঠি ও প্রতিবেদন প্রেরন করেন সে সকল চিঠি ও প্রতিবেদনগুলোর ফিটব্যাক ই-নথির মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। যাতে করে দাপ্তরিক সকল কার্যক্রম ই-নথির মাধ্যমে পরিচালনার অভ্যাস গড়ে ওঠে।<br>এছাড়া যে সকল উপজেলায় ই-নথি ও ডি-নথির প্রশিক্ষণের বাজেট পেয়েছে কিন্তু প্রশিক্ষণ সম্পন্ন করতে পারে নাই, সে সকল উপজেলায় দ্রুততম সময়ের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। প্রয়োজনে অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রশিক্ষণের সিডিউল নিয়ে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। এছাড়া যে সকল উপজেলার প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে, সে সকল উপজেলার প্রশিক্ষণ সম্পন্নের প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।</td><td>ক. দাপ্তরিক সকল কাজ ই-নথির মাধ্যমে করতে হবে।<br><br>খ. ই-নথি ও ডি-নথি প্রশিক্ষণ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>ঘ. প্রশিক্ষণ শেষে যথাসময়ে প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করতে হবে।</td><td>সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া ও কম্পিউটার অপারেটর ডিওআইসিটি, জেলা কার্যালয়, কুষ্টিয়া</td></tr>
<tr><td>৪.</td><td>জাতীয় তথ্য বাতায়ন (ওয়েবপোর্টাল)</td><td>সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুষ্টিয়ার জেলা ও উপজেলা জাতীয় তথ্য বাতায়ন (ওয়েবপোর্টাল) নিয়মিত হাল-নাগাদ রাখা এবং জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের ওয়েবপোর্টাল গুলোর হাল-নাগাদ করণে কারিগরি সহযোগীতা করার জন্য বলেন। উপজেলা ওয়েবপোর্টাল নিয়মিত হাল-নাগাদ রাখার জন্য প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে দপ্তর প্রধান এবং কম্পিউটার চালনায় দক্ষ এমন একজন নিয়মিত কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অফিসের উল্লেখযোগ্য কর্মকান্ড, যেমন: সভার নোটিশ, কার্যবিবরণী, এপিএ, এনআইএস, বিভিন্ন প্রশিক্ষণ ইত্যাদি ওয়েবপোর্টালে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করেন।</td><td>ক. ওয়েবপোর্টাল নিয়মিত হাল-নাগাদ করতে হবে।<br><br>খ. দাপ্তরিক উল্লেখযোগ্য কর্মকান্ড ওয়েবপোর্টালে প্রকাশ করতে হবে।</td><td>সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া</td></tr>
<tr><td>৫.</td><td>ইউডিসি পরিদর্শন এবং কার্যক্রম পর্যালোচনা।</td><td>সভাপতি জেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উপজেলা ওয়ারী তালিকা প্রদর্শন করেন।
<table>
<tr><th>নাম</th><th>সদর</th><th>মিরপুর</th><th>ভোড়া মারা</th><th>দৌল তপুর</th><th>কুমার খালী</th><th>খোকসা</th><th>মোট</th></tr>
<tr><td>ডিজিটাল সেন্টার</td><td>১২</td><td>১৩</td><td>৬</td><td>১৪</td><td>১১</td><td>৯</td><td>৬৫</td></tr>
<tr><td>সাব-ডিজিটাল সেন্টার</td><td>১</td><td></td><td></td><td></td><td></td><td></td><td>১</td></tr>
</table></td><td>ক. মাসে ১-২টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করতে হবে।<br><br>খ. পরিদর্শন রিপোর্ট প্রোগ্রামার বরাবর প্রেরণ করতে হবে।</td><td>সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া</td></tr>
</table>

| ক্র. নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | উক্ত তালিকা অনুযায়ী সহকারী প্রোগ্রামারগণ ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন এবং মনিটর করবেন। বিশেষ করে উদ্যোক্তাগণ যাতে দৈনন্দিন আয় এবং সেবাগ্রহীতার তালিকা এক সেবায় আপলোড করেন নিশ্চিত করতে হবে। ইউনিয়ন ডিজেটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন মাসের শেষ কর্মদিবসে এ কার্যালয়ে প্রেরণ জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৬. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) এর অগ্রগতি প্রতিবেদন জেলা কার্যালয় হতে প্রতি তিন মাস অন্তর কোয়ার্টালী অগ্রগতি প্রতিবেদন আইসিটি অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হয়। এপিএ ও এনআইএস ৩য় কোয়ার্টার অগ্রগতি প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আগামী ৩০/০৩/২০২২ তারিখের মধ্যে তিন মাসের কার্যক্রম যেমন: পরিদর্শন প্রতিবেদন, পরিদর্শনের ছবি, আইসিটি সেবা সংক্রান্ত রেজিস্টোরে কপি ইত্যাদি যথাসময়ে প্রোগ্রামার বরাবর প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | ক. এপিএ ও এনআইএস অগ্রগতি সংক্রান্ত ডকুমেন্ট ৩০/০৩/২০২২ তারিখের মধ্যে প্রেরন করতে হবে। | সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া |
| ৭. | উপজেলা আইসিটি কমিটর সভা ও বিভিন্ন দপ্তরের আইসিটি'র অগ্রগতি পর্যালোচনা। | সভাপতি উপজেলা পর্যায়ে আইসিট বিষয়ক বিভিন্ন কার্যক্রম নিয়মিত মনিটর করাসহ প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভার কার্যক্রম উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন। সকল দপ্তর প্রধানকে ওয়েবপোর্টল ও ই-নথি কার্যক্রম পরিচালনার জন্য অবগত করতে হবে। উপজেলা আইসিটি কমিটি সভার সার্বিক কার্যক্রম বিষয়ে কার্যবিবরণী প্রস্তুত এবং প্রস্তুতকৃত কার্যবিবরণী সংশ্লিষ্টগণকে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | ক. আইসিটি কমিটর সভা নিয়মিত করতে হবে।<br>খ. সকল দপ্তরের আইসিটি সংক্রান্ত কার্যক্রম মনিটর করতে হবে।<br>গ. সভা শেষে কার্যবিবরণী প্রস্তুত এবং জেলা কার্যালয়সহ সংশ্লিদের প্রেরণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া |
| ৮. | এলইডিপি প্রকল্পে প্রশিক্ষণ গ্রহণকারী প্রশিক্ষণার্থী যাচাই-বাছাই এবং ল্যাপটপ প্রদান | সভাপতি সভাকে জানান তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন লানিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পের আওতায় ৪০টি ব্যাচে প্রশিক্ষণ গ্রহণকারী প্রতি ব্যাচে সর্বোচ্চ আয়কারী ২জন প্রশিক্ষণার্থীকে বিতরণের নির্দেশনার রয়েছে। সে লক্ষ্যে ইতোপূর্বে যাচাই-বাছাই করে ২৯ জন সফল ফ্রিল্যান্সারকে ল্যাপটপ প্রদান করা হয়েছে। আরো ৪৭ জন সর্বোচ্চ আয়কারী ফ্রিল্যান্সারকে ল্যাপটপ প্রদানের লক্ষ্যে যাচাই-বাছাই ও ব্যাকগ্রাইন্ড পরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণর্থীদের যাচাই-বাছাই ও ব্যাকগ্রাউন্ড যাচাই সম্পন্ন হলে চুড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। ব্যাকগ্রাইন্ড যাচাই কার্যক্রমে আপনাদের (সহকারী প্রোগ্রামারগণ) সহযোগিতা করার বিষয়ে আলোচনা হয়। | ক. প্রশিক্ষণার্থীদের ব্যাকগ্রাউন্ড যাচায়ে সহযোগিতা করতে হবে। | সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা কার্যালয়, কুষ্টিয়া |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আলীমুজ্জামান খান)
প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুষ্টিয়া
মোবাইল: ০১৯১১৫৪১৬০৫
ইমেইল: alim_zaman@ymail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুষ্টিয়া
www.doict.kushtia.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৫০০০.০০১.০৬.০০২.২০-১৪৮

তারিখঃ ০৮ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
২২ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২. পরিচালক অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সদর/মিরপুর/দৌলতপুর/ভেড়ামারা/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া।

৪. সংরক্ষণ কপি।

২২.০৩.২০২২

(মোঃ আলীমুজ্জামান খান)
প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, কুষ্টিয়া